দৈনিক খবর

তারিখ ... 03 JUN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

৩৭

৬৩

ছাত্রদল থেকে ছাত্রলীগে যোগদানকারী ২ জন গ্রেফতার

# বিক্ষুব্ধ ছাত্ররা ক্যাম্পাসে গাড়ীতে আগুন দিয়েছে ।। ভাঙচুর

।। স্টাফ রিপোর্টার ।।

জাতীয়তাবাদী ছাত্রদল থেকে সম্প্রতি ছাত্রলীগে (শা-অ) যোগদানকারী শিশির ও গুড্ডুকে গতকাল রোববার পুলিশ গ্রেফতার করেছে। এ গ্রেফতারের খবরে বিক্ষুব্ধ ছাত্ররা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে চারটি গাড়ীতে অগ্নিসংযোগ ও দু'টি গাড়ী ভাঙচুর করেছে।

গতকাল দুপুরে মতিঝিল এলাকা থেকে নগর গোয়েন্দা পুলিশ শিশির ও গুড্ডুকে গ্রেফতার করে। তাদের নামে কোন মামলা আছে কি-না কিংবা কোন্ কারণে তাদেরকে গ্রেফতার করা হয়েছে পুলিশ সে ব্যাপারে জানাতে পারেনি।

তাদের এ গ্রেফতারের খবর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পৌঁছালে বিকেলে ছাত্রলীগের (শা-অ) এক বিক্ষোভ মিছিল বের হয়। সলিমুল্লাহ

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

# বিক্ষুব্ধ ছাত্ররা

প্রথম পৃষ্ঠার পর

হল থেকে মিছিল বের করে মিছিলকারীরা গ্রেফতারকৃতদের মুক্তির দাবী জানিয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। মিছিল চলাকালে বিক্ষোভকারীরা পলাশী মোড়ে, বৃটিশ কাউন্সিলের সামনে, রোকেয়া হলের সামনে ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের সামনে ৪টি গাড়ীতে অগ্নিসংযোগ করে। এ সময় ক্যাম্পাসে এক রাউন্ড গুলীবর্ষণের শব্দ পাওয়া যায়। এছাড়া বিক্ষোভকারীরা আরো দু'টো গাড়ীর ক্ষতিসাধন করে। আগুনে পোড়া গাড়ীগুলোর নম্বর হলো প্রাইভেট কার ঢাকা ঘ-১৭০, প্রাইভেট কার ঢাকা ঘ-৮৬২০, পিকআপ ঢাকা ট-৩৬৮৩ এবং বেবীট্যাক্সি ঢাকা মেট্রো থ-০২-১১৪০।

এ ঘটনার পরেই বিশ্ববিদ্যালয়ের সবগুলো প্রবেশপথে কড়া পুলিশ মোতায়েন করা হয় এবং ক্যাম্পাসে রিক্সা ছাড়া সকল যানবাহন চলাচল বন্ধ করে দেয়া হয়।

এদিকে গতকাল দুপুরে গোয়েন্দা পুলিশ ডাকসু'র কেয়ারটেকার গোপালের বাসায় ব্যাপক তল্লাশী চালিয়েছে। জানা গেছে, দুপুর আড়াইটায় আকস্মিকভাবে পুলিশ গোপালের ক্যাম্পাসের বাসায় হানা দেয় এবং বাসা ঘিরে ফেলে এবং বাসার সকল মালামাল ওলটপালট করে তল্লাশী চালায়। কেন তার বাসায় তল্লাশী তা জানা যায়নি।